গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ০৩.০০.০০০০.০৭৮.১৪.০৩৬.১৬-০৫(৩০)

তারিখ ২২ পৌষ, ১৪২৩ বং
৫ ~~ডিসেম্বর~~ জানুয়ারি, ২০১৭ খ্রি.

**বিষয়: সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা (Blue Economy) সংক্রান্ত সমন্বয় কমিটির গত ৯.১০.২০১৬ তারিখ অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্রসংখ্যা ০৩.০০.০০০০.০৭৮.১৪.০৩৬.১৬-২৪৮(৩৭), তারিখ: ১৭.১০.২০১৬।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব বেগম সুরাইয়া বেগম এনডিসি-এর সভাপতিত্বে গত ৯.১০.২০১৬ তারিখ সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা (Blue Economy) সংক্রান্ত সমন্বয় কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের (তাঁর মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সংশ্লিষ্ট) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামি ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

৫.০১.১৭


(নাসরীন আফরোজ)
পরিচালক-১১
ফোন: ৯১১৪৪৭৮
ই-মেইল: dir11@pmo.gov.bd


বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. নৌবাহিনী প্রধান, নৌবাহিনী সদর দপ্তর, বনানী , ঢাকা।
২. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ,ঢাকা।
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ,ঢাকা।
৫. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরে-বাংলা নগর, ঢাকা।
৬. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৮. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ,ঢাকা।
৯. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
১৩. সচিব, মেরিটাইম এ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
১৪. সচিব, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে-বাংলা নগর, ঢাকা।
১৬. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
২০. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
২২. মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড, আগারগাঁও, ঢাকা।
২৩. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২৪. চেয়ারম্যান, পেট্রোবাংলা, ৩ কাওরান বাজার, ঢাকা।
২৫. চেয়ারম্যান, স্পারসো, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা।
২৬. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২৭. মহাপরিচালক, বাংলাদেশ ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২৮. চেয়ারম্যান, ভূ-তত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২৯. সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ, সার্ভে অব বাংলাদেশ, তেজগাঁও, ঢাকা।
৩০. মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৩১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

**বিষয়: সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা (Blue Economy) সংক্রান্ত সমন্বয় কমিটি'র ৩য় সভার কার্যবিবরণী।**

গত ৯.১০.২০১৬ তারিখ বেলা ১২.৩০ টায় ভিডিও কনফারেন্স-এর মাধ্যমে সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়-এর সভাপতিত্বে সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা (Blue Economy) সংক্রান্ত সমন্বয় কমিটি'র ৩য় সভা প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সচিবালয় সন্নিহিত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহের সিনিয়র সচিব/সচিব ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষ হতে এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের নিকটবর্তী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহের সিনিয়র সচিব/সচিব/কর্মকর্তাবৃন্দ প্রধানমন্ত্রীর কার্যালয়ের সভাকক্ষ থেকে অংশগ্রহণ করেন (উপস্থিতি তালিকা পরিশিষ্ট 'ক')।

২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি Blue Economy বা সমুদ্র সম্পদ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত দিক-নির্দেশনার আলোকে দ্রুত বাস্তবভিত্তিক পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান।

৩। সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে সচিব, মেরিটাইম এ্যাফেয়ার্স অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ-এর Blue Economy বিষয়ে এ যাবৎ গৃহীত পদক্ষেপসমূহের পর্যালোচনা সংক্রান্ত একটি পাওয়ারপয়েন্ট উপস্থাপনা সভাকে অবহিত করা হয়।

৪। সমুদ্র সম্পদ আহরণ ও ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক গৃহীত পরিকল্পনা/পদক্ষেপ সমূহের বিস্তারিত পর্যালোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

**সিদ্ধান্ত:**

(ক) জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ অর্জিত সমুদ্র সীমায় প্রাকৃতিক গ্যাস আহরণ সম্পর্কিত ব্লক অনুসন্ধান ও ইজারা প্রদান সংক্রান্ত কার্যাবলি দ্রুত সম্পাদনের পদক্ষেপ গ্রহণ করবে;

(খ) অনুসন্ধানী জাহাজ ক্রয় অথবা ভাড়া করার বিষয়ে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠানের মাধ্যমে অনতিবিলম্বে জরুরি পদক্ষেপ গ্রহণ করবে এবং গৃহীত পদক্ষেপ প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করবে।

(গ) অর্জিত সমুদ্র সীমায় মৎস্য ও প্রাণি সম্পদ আহরণের নিমিত্ত অনুসন্ধানী জাহাজ ক্রয়/ভাড়া করার বিষয়ে বৈদেশিক সহায়তা গ্রহণের বিষয়ে আগামী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে একটি অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতপূর্বক মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করবে।

(ঘ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহের নিরূপিত চাহিদা অনুযায়ী সমুদ্র সম্পদের সাথে সম্পৃক্ত প্রশিক্ষিত জনবল তৈরীর লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংসংস্থান মন্ত্রণালয় যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে।

(ঙ) নদ-নদীর মোহনা ও সমুদ্র বক্ষে ভূমি পুনরুদ্ধারের বিষয়ে সুনির্দিষ্ট সময়-সীমা নিরূপণপূর্বক আগামী ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে একটি ধারণাপত্র প্রস্তুত করে পানি সম্পদ মন্ত্রণালয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করবে।

(চ) আকাশসীমা অতিক্রমের ক্ষেত্রে বৈদেশিক বিমান কোম্পানীসমূহের নিকট থেকে রাজস্ব প্রাপ্তির সম্ভাবনা বিষয়ে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় একটি জরুরি ধারণাপত্র প্রস্তুতপূর্বক প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করবে।

(ছ) জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ সংক্রান্ত শিল্প স্থাপনের জন্য ভূমি নির্বাচনপূর্বক শিল্প মন্ত্রণালয় জরুরি পদক্ষেপ গ্রহণ করে আগামী ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করবে।

(জ) পানগাঁও নদী বন্দরের কার্যক্রম পুরোদমে চালু করার বিষয়ে উদ্ভূত জটিলতা নিরসনকল্পে নৌ-পরিবহন মন্ত্রণালয় জরুরি পদক্ষেপ গ্রহণপূর্বক প্রধানমন্ত্রীর কার্যালয়ে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবে।

(ঝ) সমুদ্র বিজ্ঞান সম্পর্কিত নতুন বিভাগ সৃজনসহ প্রয়োজনীয় শিক্ষক/প্রশিক্ষক তৈরীর জন্য বিদেশী বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতা চুক্তি সম্পাদনের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে এবং গৃহীত পদক্ষেপ সমূহের অগ্রগতি প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করবে।

(ঞ) সমুদ্র সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং সমুদ্রসীমার নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রতিরক্ষা ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিভাগ/সংস্থা সমূহের সমন্বিত পদক্ষেপ গ্রহণ বিষয়ে আগামী ১৫(পনের) কর্ম দিবসের মধ্যে একটি প্রতিবেদন প্রণয়নপূর্বক প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করবে।

৫। সমুদ্র সম্পদ আহরণ ও ব্যবস্থাপনা বিষয়ে সকলের সমন্বিত প্রচেষ্টাকে অধিকতর বেগবান করার লক্ষ্যে সমন্বিত পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়ে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১০.১০.১৬
সুরাইয়া বেগম এনডিসি
সচিব